# সূরা : আন্-নাবা
**078-001.mp3**
**078-002.mp3**

1.
কোন বিষয় সম্পর্কে তারা পরস্পর জিজ্ঞাসাবাদ করছে ?
2. মহাসংবাদটি সম্পর্কে,
3. যে বিষয়ে তারা মতভেদ করছে।
4. কখনো না, অচিরেই তারা জানতে পারবে।
5. তারপর কখনো না, তারা অচিরেই জানতে পারবে।
6. আমি কি বানাইনি যমীনকে শয্যা?
7. আর পর্বতসমূহকে পেরেক?
8. আর আমি তোমাদেরকে সৃষ্টি করেছি জোড়ায় জোড়ায়।
9. আর আমি তোমাদের নিদ্রাকে করেছি বিশ্রাম।
10. আর আমি রাতকে করেছি আবরণ।
11. আর আমি দিনকে করেছি জীবিকার্জনের সময়।
12. আর আমি তোমাদের উপরে বানিয়েছি সাতটি সুদৃঢ় আকাশ।
13. আর আমি সৃষ্টি করেছি উজ্জ্বল একটি প্রদীপ।
14. আর আমি মেঘমালা থেকে প্রচুর পানি বর্ষণ করেছি।
15. যাতে তা দিয়ে আমি শস্য ও উদ্ভিদ উৎপন্ন করতে পারি।
16. আর ঘন উদ্যানসমূহ।
17. নিশ্চয় ফয়সালার দিন নির্ধারিত আছে।
18. সেদিন শিঙ্গায় ফুঁক দেয়া হবে, তখন তোমরা দলে দলে আসবে।
19. আর আসমান খুলে দেয়া হবে, ফলে তা হবে বহু দ্বারবিশিষ্ট।
20. আর পর্বতসমূহকে চলমান করা হবে, ফলে সেগুলো মরীচিকা হয়ে যাবে।
21. নিশ্চয় জাহান্নাম গোপন ফাঁদ।
22. সীমালঙ্ঘনকারীদের জন্য প্রত্যাবর্তন স্থল।
23. সেখানে তারা যুগ যুগ ধরে অবস্থান করবে।
24. সেখানে তারা কোন শীতলতা আস্বাদন করবে না এবং না কোন পানীয়।
25. ফুটন্ত পানি ও পুঁজ ছাড়া।
26. উপযুক্ত প্রতিফলস্বরূপ।
27. নিশ্চয় তারা হিসাবের আশা করত না।
28. আর তারা আমার আয়াতসমূহকে সম্পূর্ণরূপে অস্বীকার করেছিল।
29. আর সব কিছুই আমি লিখিতভাবে সংরক্ষণ করেছি।
30. সুতরাং তোমরা স্বাদ গ্রহণ কর। আর আমি তো কেবল তোমাদের আযাবই বৃদ্ধি করব।
31. নিশ্চয় মুত্তাকীদের জন্য রয়েছে সফলতা।
32. উদ্যানসমূহ ও আঙ্গুরসমূহ।
33. আর সমবয়স্কা উদ্ভিন্ন যৌবনা তরুণী।
34. আর পরিপূর্ণ পানপাত্র।
35. তারা সেখানে কোন অসার ও মিথ্যা কথা শুনবে না।

36. তোমার রবের পক্ষ থেকে প্রতিফল, যথোচিত দানস্বরূপ।
37. যিনি আসমানসমূহ, যমীন ও এতদোভয়ের মধ্যবর্তী সবকিছুর রব, পরম করুণাময়। তারা তাঁর সামনে কথা বলার সামর্থ্য রাখবে না।
38. সেদিন রূহ[1] ও ফেরেশতাগণ সারিবদ্ধভাবে দাঁড়াবে, যাকে পরম করুণাময় অনুমতি দেবেন সে ছাড়া অন্যরা কোন কথা বলবে না। আর সে সঠিক কথাই বলবে।
39. ঐ দিনটি সত্য। অতএব যে চায়, সে তার রবের নিকট আশ্রয় গ্রহণ করুক।
40. নিশ্চয় আমি তোমাদেরকে একটি নিকটবর্তী আযাব সম্পর্কে সতর্ক করলাম। যেদিন মানুষ দেখতে পাবে, তার দু'হাত কী অগ্রে প্রেরণ করেছে এবং কাফির বলবে 'হায়, আমি যদি মাটি হতাম'!

1. [1] জিবরীল (আঃ)।

সূরা : আন্-নাযি‘আত

**079-001.mp3**
**079-002.mp3**

1. কসম নির্মমভাবে (কাফিরদের রূহ) উৎপাটনকারীদের।[2]
2. আর কসম সহজভাবে বন্ধনমুক্তকারীদের।
3. আর কসম দ্রুতগতিতে সন্তরণকারীদের।
4. আর দ্রুতবেগে অগ্রসরমানদের।
5. অতঃপর কসম সকল কার্যনির্বাহকারীদের।
6. সেদিন কম্পনকারী[3] প্রকম্পিত করবে।
7. তাকে অনুসরণ করবে পরবর্তী কম্পনকারী।[4]
8. সেদিন অনেক হৃদয় ভীত-সন্ত্রস্ত হবে।
9. তাদের দৃষ্টিসমূহ নত হবে।
10. তারা বলে, ‘আমরা কি পূর্বাবস্থায় প্রত্যাবর্তিত হবই,
11. যখন আমরা চূর্ণ-বিচূর্ণ হাড় হয়ে যাব’?
12. তারা বলে, ‘তাহলে তা তো এক ক্ষতিকর প্রত্যাবর্তন’।
13. আর ওটা তো কেবল এক বিকট আওয়াজ।
14. তৎক্ষনাৎ তারা ভূ-পৃষ্ঠে উপস্থিত হবে।
15. মূসার বৃত্তান্ত তোমার কাছে পৌঁছেছে কি?
16. যখন তার রব তাকে পবিত্র তুওয়া উপত্যকায় ডেকেছিলেন,
17. ‘ফির‘আউনের কাছে যাও, নিশ্চয় সে সীমালংঘন করেছে’।
18. অতঃপর বল ‘তোমার কি ইচ্ছা আছে যে, তুমি পবিত্র হবে’?
19. ‘আর আমি তোমাকে তোমার রবের দিকে পথ দেখাব, যাতে তুমি তাঁকে ভয় কর?’
20. অতঃপর মূসা তাকে বিরাট নিদর্শন দেখাল।
21. কিন্তু সে অস্বীকার করল এবং অমান্য করল।
22. তারপর সে ফাসাদ করার চেষ্টায় প্রস্থান করল।
23. অতঃপর সে লোকদেরকে একত্র করে ঘোষণা দিল।
24. আর বলল, ‘আমিই তোমাদের সর্বোচ্চ রব’।
25. অবশেষে আল্লাহ তাকে আখিরাত ও দুনিয়ার আযাবে পাকড়াও করলেন।
26. নিশ্চয় যে ভয় করে তার জন্য এতে শিক্ষা রয়েছে।
27. তোমাদেরকে সৃষ্টি করা অধিক কঠিন, না আসমান সৃষ্টি? তিনি তা বানিয়েছেন।
28. তিনি এর ছাদকে উচ্চ করেছেন এবং তাকে সুসম্পন্ন করেছেন।
29. আর তিনি এর রাতকে অন্ধকারাচ্ছন্ন করেছেন এবং এর দিবালোক প্রকাশ করেছেন।
30. এরপর তিনি যমীনকে বিস্তীর্ণ করেছেন।

---

2. [2] **১**-৫ নং আয়াতে বিভিন্ন কাজে নিয়োজিত ফেরেশতাদের কসম করা হয়েছে।
3. [3] অর্থাৎ প্রথম শিংগাধ্বনি।
4. [4] দ্বিতীয় শিংগাধ্বনি।

31. তিনি তার ভিতর থেকে বের করেছেন তার পানি ও তার তৃণভূমি।
32. আর পর্বতগুলোকে তিনি দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করেছেন।
33. তোমাদের ও তোমাদের চতুষ্পদ জন্তুগুলোর জীবনোপকরণস্বরূপ।
34. অতঃপর যখন মহাপ্রলয় আসবে।
35. সেদিন মানুষ স্মরণ করবে তা, যা সে চেষ্টা করেছে।
36. আর জাহান্নামকে প্রকাশ করা হবে তার জন্য যে দেখতে পায়।
37. সুতরাং যে সীমালঙ্ঘন করে
38. আর দুনিয়ার জীবনকে প্রাধান্য দেয়,
39. নিশ্চয় জাহান্নাম হবে তার আবাসস্থল।
40. আর যে স্বীয় রবের সামনে দাঁড়ানোকে ভয় করে এবং কুপ্রবৃত্তি থেকে নিজকে বিরত রাখে,
41. নিশ্চয় জান্নাত হবে তার আবাসস্থল।
42. তারা তোমাকে কিয়ামত সম্পর্কে জিজ্ঞাসা করে, ‘তা কখন ঘটবে’?
43. তা উল্লেখ করার কি জ্ঞান তোমার আছে?
44. এর প্রকৃত জ্ঞান তোমার রবের কাছেই।
45. তুমিতো কেবল তাকেই সতর্ককারী, যে একে ভয় করে ।
46. যেদিন তারা তা দেখবে, সেদিন তাদের মনে হবে, যেন তারা (দুনিয়ায়) এক সন্ধ্যা বা এক সকালের বেশী অবস্থান করেনি।

সূরা : ‘আবাসা

**080-001.mp3**

**080-002.mp3**

1. সে (মুহাম্মদ) ভ্রূকুঞ্চিত করল এবং মুখ ফিরিয়ে নিল।
2. কারণ তার কাছে অন্ধ লোকটি[5] আগমন করেছিল।
3. আর কিসে তোমাকে জানাবে যে, সে হয়ত পরিশুদ্ধ হত।
4. অথবা উপদেশ গ্রহণ করত, ফলে সে উপদেশ তার উপকারে আসত।
5. আর যে বেপরোয়া হয়েছে,
6. তুমি তার প্রতি মনোযোগ দিচ্ছ।
7. অথচ সে পরিশুদ্ধ না হলে তোমার কোন দায়িত্ব বর্তাবে না।
8. পক্ষান্তরে যে তোমার কাছে ছুটে আসল,
9. আর সে ভয়ও করে,
10. অথচ তুমি তার প্রতি উদাসীন হলে।
11. কখনো নয়, নিশ্চয় এটা উপদেশ বাণী।
12. কাজেই যে ইচ্ছা করবে, সে তা স্মরণ রাখবে।
13. এটা আছে সম্মানিত সহীফাসমূহে।[6]
14. সমুন্নত, পবিত্র,
15. লেখকদের হাতে,
16. যারা মহাসম্মানিত, অনুগত।
17. মানুষ ধ্বংস হোক, সে কতইনা অকৃতজ্ঞ!
18. তিনি তাকে কোন্ বস্তু থেকে সৃষ্টি করেছেন?
19. শুক্র বিন্দু থেকে তিনি তাকে সৃষ্টি করেছেন। অতঃপর তাকে সুগঠিত করেছেন।
20. তারপর তিনি তার পথ সহজ করে দিয়েছেন।
21. তারপর তিনি তাকে মৃত্যু দেন এবং তাকে কবরস্থ করেন।
22. তারপর যখন তিনি ইচ্ছা করবেন, তাকে পুনর্জীবিত করবেন।
23. কখনো নয়, তিনি তাকে যে আদেশ দিয়েছিলেন, সে এখনো তা পূর্ণ করেনি।
24. কাজেই মানুষ তার খাদ্যের প্রতি লক্ষ্য করুক।
25. নিশ্চয় আমি প্রচুর পরিমাণে পানি বর্ষণ করি।
26. তারপর যমীনকে যথাযথভাবে বিদীর্ণ করি।
27. অতঃপর তাতে আমি উৎপন্ন করি শস্য,
28. আঙ্গুর ও শাক-সবজি,
29. যায়তূন ও খেজুর বন,
30. ঘনবৃক্ষ শোভিত বাগ-বাগিচা,

---

5. [5] আবদুল্লাহ ইবনে উম্মে মাকতূম

6. [6] অর্থাৎ লওহে মাহফুজে।

31. আর ফল ও তৃণগুল্ম।
32. তোমাদের ও তোমাদের চতুষ্পদ জন্তুগুলোর জীবনোপকরণস্বরূপ।
33. অতঃপর যখন বিকট আওয়ায[7] আসবে,
34. সেদিন মানুষ পালিয়ে যাবে তার ভাই থেকে,
35. তার মা ও তার বাবা থেকে,
36. তার স্ত্রী ও তার সন্তান-সন্ততি থেকে।
37. সেদিন তাদের প্রত্যেকেরই একটি গুরুতর অবস্থা থাকবে, যা তাকে ব্যতিব্যস্ত করে রাখবে।
38. সেদিন কিছু কিছু চেহারা উজ্জ্বল হবে।
39. সহাস্য, প্রফুল।
40. আর কিছু কিছু চেহারার উপর সেদিন থাকবে মলিনতা।
41. কালিমা সেগুলোকে আচ্ছন্ন করবে।
42. তারাই কাফির, পাপাচারী।

---

7. [7] কিয়ামত দিবসের আওয়ায।

## সূরা : আত্‌-তাকওয়ীর
## 081-001.mp3
## 081-002.mp3

1. যখন সূর্যকে গুটিয়ে নেয়া হবে।
2. আর নক্ষত্ররাজি যখন পতিত হবে।
3. আর পর্বতগুলোকে যখন সঞ্চালিত করা হবে।
4. আর যখন দশমাসের গর্ভবতী উষ্ট্রীগুলো উপেক্ষিত হবে।
5. আর যখন বন্য পশুগুলোকে একত্র করা হবে।
6. আর যখন সমুদ্রগুলোকে অগ্নিউত্তাল করা হবে।
7. আর যখন আত্মাগুলোকে (সমগোত্রীয়দের সাথে) মিলিয়ে দেয়া হবে।
8. আর যখন জীবন্ত কবরস্থ কন্যাকে জিজ্ঞাসা করা হবে।
9. কী অপরাধে তাকে হত্যা করা হয়েছে?
10. আর যখন আমলনামাগুলো প্রকাশ করে দেয়া হবে।
11. আর যখন আসমানকে আবরণ মুক্ত করা হবে।
12. আর জাহান্নামকে যখন প্রজ্জ্বলিত করা হবে।
13. আর জান্নাতকে যখন নিকটবর্তী করা হবে।
14. তখন প্রত্যেক ব্যক্তিই জানতে পারবে সে কী উপস্থিত করেছে!
15. আমি কসম করছি পশ্চাদপসারী নক্ষত্রের।
16. যা চলমান, অদৃশ্য।
17. আর কসম রাতের, যখন তা বিদায় নেয়।
18. আর কসম প্রভাতের, যখন তা আগমন করে।
19. নিশ্চয় এ কুরআন সম্মানিত রাসূলের আনিত বাণী।
20. যে শক্তিশালী, আরশের মালিকের নিকট মর্যাদাসম্পন্ন।
21. মান্যবর, সেখানে সে বিশ্বস্ত।
22. আর তোমাদের সাথী পাগল নয়।
23. আর সে তাকে সুস্পষ্ট দিগন্তে দেখেছে।
24. আর সে তো গায়েব সম্পর্কে কৃপণ নয়।
25. আর তা কোন অভিশপ্ত শয়তানের উক্তি নয়।
26. সুতরাং তোমরা কোথায় যাচ্ছ?
27. এটাতো সৃষ্টিকুলের জন্য উপদেশমাত্র।
28. যে তোমাদের মধ্যে সরল পথে চলতে চায়, তার জন্য।
29. আর তোমরা ইচ্ছা করতে পার না, যদি না সৃষ্টিকুলের রব আল্লাহ ইচ্ছা করেন।

**সূরা : ইনফিতার**

**082-001.mp3**

**082-002.mp3**

1. যখন আসমান বিদীর্ণ হবে।
2. আর যখন নক্ষত্রগুলো ঝরে পড়বে।
3. আর যখন সমুদ্রগুলোকে একাকার করা হবে।
4. আর যখন কবরগুলো উন্মোচিত হবে।
5. তখন প্রত্যেকে জানতে পারবে, সে যা আগে পাঠিয়েছে এবং যা পিছনে রেখে গেছে।
6. হে মানুষ, কিসে তোমাকে তোমার মহান রব সম্পর্কে ধোঁকা দিয়েছে?
7. যিনি তোমাকে সৃষ্টি করেছেন অতঃপর তোমাকে সুসম করেছেন, তারপর তোমাকে সুসমঞ্জস করেছেন।
8. যে আকৃতিতে তিনি চেয়েছেন তোমাকে গঠন করেছেন।
9. কখনো নয়, তোমরা তো প্রতিদান দিবসকে অস্বীকার করে থাক।
10. আর নিশ্চয় তোমাদের উপর সংরক্ষকগণ রয়েছে।
11. সম্মানিত লেখকবৃন্দ।
12. তারা জানে, যা তোমরা কর।
13. নিশ্চয় সৎকর্মপরায়ণরা থাকবে সুখ- স্বাচ্ছন্দ্যে।
14. আর নিশ্চয় অন্যায়কারীরা থাকবে প্রজ্জ্বলিত আগুনে।
15. তারা সেখানে প্রবেশ করবে প্রতিদান দিবসে।
16. আর তারা সেখান থেকে অনুপস্থিত থাকতে পারবে না।
17. আর কিসে তোমাকে জানাবে প্রতিদান দিবস কী?
18. তারপর বলছি, কিসে তোমাকে জানাবে প্রতিদান দিবস কী?
19. সেদিন কোন মানুষ অন্য মানুষের জন্য কোন কিছুর ক্ষমতা রাখবে না। আর সেদিন সকল বিষয় হবে আল্লাহর কর্তৃত্বে।

## সূরা : আল্-মুতাফফিফীন

## 083-001.mp3

## 083-002.mp3

1. ধ্বংস যারা পরিমাপে কম দেয় তাদের জন্য।
2. যারা লোকদের কাছ থেকে মেপে নেয়ার সময় পূর্ণমাত্রায় গ্রহণ করে।
3. আর যখন তাদেরকে মেপে দেয় অথবা ওযন করে দেয় তখন কম দেয়।
4. তারা কি দৃঢ় বিশ্বাস করে না যে, নিশ্চয় তারা পুনরুত্থিত হবে,
5. এক মহা দিবসে ?
6. যেদিন মানুষ সৃষ্টিকুলের রবের জন্য দাঁড়াবে।
7. কখনো নয়, নিশ্চয় পাপাচারীদের 'আমলনামা সিজ্জীনে।
8. কিসে তোমাকে জানাবে 'সিজ্জীন' কী?
9. লিখিত কিতাব।
10. সেদিন ধ্বংস অস্বীকারকারীদের জন্য ।
11. যারা প্রতিদান দিবসকে অস্বীকার করে।
12. আর সকল সীমালঙ্ঘনকারী পাপাচারী ছাড়া কেউ তা অস্বীকার করে না।
13. যখন তার কাছে আমার আয়াতসমূহ তিলাওয়াত করা হয় তখন সে বলে, 'পূর্ববর্তীদের রূপকথা।'
14. কখনো নয়, বরং তারা যা অর্জন করত তা-ই তাদের অন্তরসমূহকে ঢেকে দিয়েছে।
15. কখনো নয়, নিশ্চয় সেদিন তারা তাদের রব থেকে পর্দার আড়ালে থাকবে।
16. তারপর নিশ্চয় তারা প্রজ্জ্বলিত আগুনে প্রবেশ করবে।
17. তারপর বলা হবে, এটাই তা যা তোমরা অস্বীকার করতে।
18. কখনো নয়, নিশ্চয় নেককার লোকদের আমলনামা থাকবে ইল্লিয়্যীনে।
19. কিসে তোমাকে জানাবে 'ইল্লিয়্যীন' কী?
20. লিখিত কিতাব।
21. নৈকট্যপ্রাপ্তরাই তা অবলোকন করে।
22. নিশ্চয় নেককাররাই থাকবে সুখ-স্বাচ্ছন্দ্যের মধ্যে।
23. সুসজ্জিত আসনে বসে তারা দেখতে থাকবে।
24. তুমি তাদের চেহারাসমূহে সুখ-স্বাচ্ছন্দ্যের লাবণ্যতা দেখতে পাবে।
25. তাদেরকে সীলমোহর করা বিশুদ্ধ পানীয় থেকে পান করানো হবে।
26. তার মোহর হবে মিসক। আর প্রতিযোগিতাকারীদের উচিৎ এ বিষয়ে প্রতিযোগিতা করা।
27. আর তার মিশ্রণ হবে তাসনীম থেকে।
28. তা এক প্রস্রবণ, যা থেকে নৈকট্যপ্রাপ্তরা পান করবে।
29. নিশ্চয় যারা অপরাধ করেছে তারা মুমিনদেরকে নিয়ে হাসত।
30. আর যখন তারা মুমিনদের পাশ দিয়ে যেত তখন তারা তাদেরকে নিয়ে চোখ টিপে বিদ্রূপ করত।
31. আর যখন তারা পরিবার-পরিজনের কাছে ফিরে আসত তখন তারা উৎফুল্ল হয়ে ফিরে আসত।
32. আর যখন তারা মুমিনদেরকে দেখত তখন বলত, 'নিশ্চয় এরা পথভ্রষ্ট'।
33. আর তাদেরকে তো মুমিনদের হিফাযতকারী হিসেবে পাঠানো হয়নি।
34. অতএব আজ মুমিনরাই কাফিরদেরকে নিয়ে হাসবে।
35. উচ্চ আসনে বসে তারা দেখতে থাকবে।
36. কাফিরদেরকে তাদের কৃতকর্মের প্রতিদান দেয়া হল তো?

## সূরা : আল্-ইনশিকাক
## 084-001.mp3
## 084-002.mp3

1. যখন আসমান ফেটে যাবে।
2. আর তার রবের নির্দেশ পালন করবে এবং এটাই তার করণীয়।
3. আর যখন যমীনকে সম্প্রসারিত করা হবে।
4. আর তার মধ্যে যা রয়েছে তা নিক্ষেপ করবে এবং খালি হয়ে যাবে।
5. আর তার রবের নির্দেশ পালন করবে এবং এটাই তার করণীয়।
6. হে মানুষ, তোমার রব পর্যন্ত (পৌঁছতে) অবশ্যই তোমাকে কঠোর পরিশ্রম করতে হবে। অতঃপর তুমি তাঁর সাক্ষাৎ পাবে।
7. অতঃপর যাকে তার আমলনামা তার ডান হাতে দেয়া হবে;
8. অত্যন্ত সহজভাবেই তার হিসাব-নিকাশ করা হবে।
9. আর সে তার পরিবার-পরিজনের কাছে আনন্দিত হয়ে ফিরে যাবে।
10. আর যাকে তার আমলনামা পিঠের পেছনে দেয়া হবে,
11. অতঃপর সে ধ্বংস আহবান করতে থাকবে।
12. আর সে জ্বলন্ত আগুনে প্রবেশ করবে।
13. নিশ্চয় সে তার পরিবার-পরিজনদের মধ্যে আনন্দে ছিল।
14. নিশ্চয় সে মনে করত যে, সে কখনো ফিরে যাবে না।
15. হ্যাঁ, নিশ্চয় তার রব তার প্রতি সম্যক দৃষ্টি দানকারী।
16. অতঃপর আমি কসম করছি পশ্চিম আকাশের লালিমার।
17. আর রাতের কসম এবং রাত যা কিছুর সমাবেশ ঘটায় তার।
18. আর চাঁদের কসম, যখন তা পরিপূর্ণ হয়।
19. অবশ্যই তোমরা এক স্তর থেকে অন্য স্তরে আরোহণ করবে।
20. অতএব তাদের কী হল যে, তারা ঈমান আনছে না?
21. আর যখন তাদের কাছে কুরআন তিলাওয়াত করা হয় তখন তারা সিজদা করে না।
22. বরং কাফিররা অস্বীকার করে।
23. আর তারা যা অন্তরে পোষণ করে আল্লাহ তা সবিশেষ পরিজ্ঞাত।
24. অতএব তুমি তাদেরকে যন্ত্রণাদায়ক আযাবের সুসংবাদ দাও।
25. কিন্তু যারা ঈমান আনে এবং সৎকর্ম করে তাদের জন্য রয়েছে নিরবচ্ছিন্ন প্রতিদান।

## সূরা : আল্‌-বুরূজ

## 085-001.mp3
## 085-002.mp3

1. কক্ষপথ বিশিষ্ট আসমানের কসম,
2. আর ওয়াদাকৃত দিনের কসম,
3. আর কসম সাক্ষ্যদাতার এবং যার ব্যাপারে সাক্ষ্য দেয়া হবে তার,
4. ধ্বংস হয়েছে গর্তের অধিপতিরা,
5. (যাতে ছিল) ইন্ধনপূর্ণ আগুন।
6. যখন তারা তার কিনারায় উপবিষ্ট ছিল।
7. আর তারা মুমিনদের সাথে যা করছিল তার প্রত্যক্ষদর্শী।
8. আর তারা তাদেরকে নির্যাতন করেছিল শুধুমাত্র এ কারণে যে, তারা মহাপরাক্রমশালী প্রশংসিত আল্লাহর প্রতি ঈমান এনেছিল।
9. আসমানসমূহ ও যমীনের রাজত্ব যার। আর আল্লাহ প্রতিটি বিষয়ের প্রত্যক্ষদর্শী।
10. নিশ্চয় যারা মুমিন পুরুষ ও মুমিন নারীদেরকে আযাব দেয়, তারপর তাওবা করে না, তাদের জন্য রয়েছে জাহান্নামের আযাব। আর তাদের জন্য রয়েছে আগুনে দগ্ধ হওয়ার আযাব।
11. নিশ্চয় যারা ঈমান আনে এবং সৎকর্ম করে তাদের জন্য রয়েছে জান্নাত। যার তলদেশে প্রবাহিত হবে নহরসমূহ। এটাই বিরাট সফলতা।
12. নিশ্চয় তোমার রবের পাকড়াও বড়ই কঠিন।
13.

    শ্চয় তিনি সৃষ্টির সূচনা করেন এবং তিনিই পুনরায় সৃষ্টি করবেন।
14. আর তিনি অত্যন্ত ক্ষমাশীল, প্রেমময়।
15. আরশের অধিপতি, মহান।
16. তিনি তা-ই করেন যা চান ।
17. তোমার কাছে কি সৈন্যবাহিনীর খবর পৌঁছেছে?
18. ফির‘আউন ও সামূদের।
19. বরং কাফিররা মিথ্যারোপে লিপ্ত।
20. আর আল্লাহ তাদের অলক্ষ্যে তাদের পরিবেষ্টনকারী।
21. বরং তা সম্মানিত কুরআন।
22. সুরক্ষিত ফলকে (লিপিবদ্ধ)।

## সূরা : আত্-তারিক
## 086-001.mp3
## 086-002.mp3

1. কসম আসমানের ও রাতে আগমনকারীর।
2. আর কিসে তোমাকে জানাবে রাতে আগমনকারী কী?
23. উজ্জ্বল নক্ষত্র।
3. প্রত্যেক জীবের উপরই সংরক্ষক রয়েছে।
4. অতএব মানুষের চিন্তা করে দেখা উচিৎ, তাকে কী থেকে সৃষ্টি করা হয়েছে ?
5. তাকে সৃষ্টি করা হয়েছে দ্রুতবেগে নির্গত পানি থেকে।
6. যা বের হয় মেরুদন্ড ও বুকের হাঁড়ের মধ্য থেকে।
7. নিশ্চয় তিনি তাকে ফিরিয়ে আনতে সক্ষম।
8. যে দিন গোপন বিষয়াদি পরীক্ষা করা হবে।
9. অতএব তার কোন শক্তি থাকবে না। আর সাহায্যকারীও না।
10. বৃষ্টিসম্পন্ন আসমানের কসম।
11. কসম বিদীর্ণ যমীনের।
12. নিশ্চয় এটা ফয়সালাকারী বাণী।
13. আর তা অনর্থক নয়।
14. নিশ্চয় তারা ভীষণ কৌশল করছে।
15. আর আমিও ভীষণ কৌশল করছি।
16. অতএব কাফিরদেরকে অবকাশ দাও, তাদেরকে কিছু সময়ের অবকাশ দাও।

## সূরা : আল্-আ'লা
## 087-001.mp3
## 087-002.mp3

1. তুমি তোমার সুমহান রবের নামের তাসবীহ পাঠ কর,
2. যিনি সৃষ্টি করেন। অতঃপর সুসম করেন।
3. আর যিনি নিরূপণ করেন অতঃপর পথ নির্দেশ দেন।
4. আর যিনি তৃণ-লতা বের করেন।
5. তারপর তা কালো খড়-কুটায় পরিণত করেন।
6. আমি তোমাকে পড়িয়ে দেব অতঃপর তুমি ভুলবে না।
7. আল্লাহ যা চান তা ছাড়া। নিশ্চয় তিনি জানেন, যা প্রকাশ্য এবং যা গোপন থাকে।
8. আর আমি তোমাকে সহজ বিষয় সহজ করে দেব।
9. অতঃপর উপদেশ দাও যদি উপদেশ ফলপ্রসু হয়।
10. সে-ই উপদেশ গ্রহণ করে, যে ভয় করে ।
11. আর হতভাগাই তা এড়িয়ে যায়।
12. যে ভয়াবহ আগুনে প্রবেশ করবে।
13. তারপর সে সেখানে মরবেও না এবং বাঁচবেও না।
14. অবশ্যই সাফল্য লাভ করবে যে আত্মশুদ্ধি করবে,
15. আর তার রবের নাম স্মরণ করবে, অতঃপর সালাত আদায় করবে।
16. বরং তোমরা দুনিয়ার জীবনকে প্রাধান্য দিচ্ছ।
17. অথচ আখিরাত সর্বোত্তম ও স্থায়ী।
18. নিশ্চয় এটা আছে পূর্ববর্তী সহীফাসমূহে।
19. ইবরাহীম ও মূসার সহীফাসমূহে।

## সূরা : আল্‌-গাশিয়া
## 088-001.mp3
## 088-002.mp3

1.

কিয়ামতের সংবাদ কি তোমার কাছে এসেছে?

2. সেদিন অনেক চেহারা হবে অবনত।
3. কর্মক্লান্ত, পরিশ্রান্ত।
4. তারা প্রবেশ করবে জ্বলন্ত আগুনে।
5. তাদের পান করানো হবে ফুটন্ত ঝর্ণা থেকে।
6. তাদের জন্য কাঁটাবিশিষ্ট গুল্ম ছাড়া কোন খাদ্য থাকবে না।
7. তা মোটা-তাজাও করবে না এবং ক্ষুধাও নিবারণ করবে না।
8. সেদিন অনেক চেহারা হবে লাবণ্যময়।
9. নিজদের চেষ্টা সাধনায় সন্তুষ্ট।
10. সুউচ্চ জান্নাতে
11. সেখানে তারা শুনবে না কোন অসার বাক্য।
12. সেখানে থাকবে প্রবাহমান ঝর্ণাধারা,
13. সেখানে থাকবে সুউচ্চ আসনসমূহ।
14. আর প্রস্তুত পানপাত্রসমূহ।
15. আর সারি সারি বালিশসমূহ।
16. আর বিস্তৃত বিছানো কার্পেটরাজি।
17. তবে কি তারা উটের প্রতি দৃষ্টিপাত করে না, কীভাবে তা সৃষ্টি করা হয়েছে?
18. আর আকাশের দিকে, কীভাবে তা ঊর্ধ্বে স্থাপন করা হয়েছে?
19. আর পর্বতমালার দিকে, কীভাবে তা স্থাপন করা হয়েছে?
20. আর যমীনের দিকে, কীভাবে তা বিস্তৃত করা হয়েছে?
21. অতএব তুমি উপদেশ দাও, তুমি তো একজন উপদেশদাতা মাত্র।
22. তুমি তাদের উপর শক্তি প্রয়োগকারী নও।
23. তবে যে মুখ ফিরিয়ে নেয় এবং কুফরী করে,
24. ফলে আল্লাহ তাকে কঠোর আযাব দেবেন।
25. নিশ্চয় আমারই নিকট তাদের প্রত্যাবর্তন।
26. তারপর নিশ্চয় তাদের হিসাব-নিকাশ আমারই দায়িত্বে।

# সূরা : আল্-ফাজর
# 089-001.mp3
# 089-002.mp3

1. কসম ভোরবেলার।
2. কসম দশ রাতের।
3. কসম জোড় ও বিজোড়ের।
4. কসম রাতের, যখন তা বিদায় নেয়।
5. এর মধ্যে কি বোধশক্তিসম্পন্ন ব্যক্তির জন্য কসম আছে?
6. তুমি কি দেখনি তোমার রব কিরূপ আচরণ করেছেন ‘আদ জাতির সাথে?
7. ইরাম গোত্রের সাথে, যারা ছিল সুউচ্চ স্তম্ভের অধিকারী?
8. যার সমতুল্য কোন দেশে সৃষ্টি করা হয়নি।
9. আর সামূদ সম্প্রদায়, যারা উপত্যকায় পাথর কেটে বাড়ি ঘর নির্মাণ করেছিল?
10. আর ফির‘আউন, সেনাছাউনীর অধিপতি?
11. যারা সকল দেশে সীমা ছাড়িয়ে গিয়েছিল।
12. অতঃপর তারা সেখানে বিপর্যয় বাড়িয়ে দিয়েছিল।
13. ফলে তোমার রব তাদের উপর আযাবের কশাঘাত মারলেন।
14. নিশ্চয় তোমার রব ঘাঁটিতেই।
15. আর মানুষ তো এমন যে, যখন তার রব তাকে পরীক্ষা করেন, অতঃপর তাকে সম্মান দান করেন এবং অনুগ্রহ প্রদান করেন, তখন সে বলে, ‘আমার রব আমাকে সম্মানিত করেছেন।
16. আর যখন তিনি তাকে পরীক্ষা করেন এবং তার উপর তার রিযিককে সঙ্কুচিত করে দেন, তখন সে বলে, ‘আমার রব আমাকে অপমানিত করেছেন’।
17. কখনো নয়, বরং তোমরা ইয়াতীমদের দয়া- অনুগ্রহ প্রদর্শন কর না।
18. আর তোমরা মিসকীনদের খাদ্যদানে পরস্পরকে উৎসাহিত কর না।
19. আর তোমরা উত্তরাধিকারের সম্পত্তি সম্পূর্ণরূপে ভক্ষণ কর।
20. আর তোমরা ধন-সম্পদকে অতিশয় ভালবাস।
21. কখনো নয়, যখন যমীনকে চূর্ণ-বিচূর্ণ করা হবে পরিপূর্ণভাবে।
22. আর তোমার রব ও ফেরেশতাগণ উপস্থিত হবেন সারিবদ্ধভাবে।
23. আর সেদিন জাহান্নামকে উপস্থিত করা হবে, সেদিন মানুষ স্মরণ করবে, কিন্তু সেই স্মরণ তার কী উপকারে আসবে?
24. সে বলবে, ‘হায়! যদি আমি কিছু আগে পাঠাতাম আমার এ জীবনের জন্য’!
25. অতঃপর সেদিন তাঁর আযাবের মত আযাব কেউ দিতে পারবে না।
26. আর কেউ তাঁর বাঁধার মত বাঁধতে পারবে না।
27. হে প্রশান্ত আত্মা!
28. তুমি ফিরে এসো তোমার রবের প্রতি সন্তুষ্টচিত্তে, সন্তোষভাজন হয়ে।
29. অতঃপর আমার বান্দাদের মধ্যে শামিল হয়ে যাও।
30. আর প্রবেশ কর আমার জান্নাতে।

## সূরা : আল্-বালাদ
## 090-001.mp3
## 090-002.mp3

1.
আমি কসম করছি এই নগরীর।
2. আর তুমি এই নগরীতে মুক্ত।
3. কসম জনকের এবং যা সে জন্ম দেয়।
4. নিঃসন্দেহে আমি মানুষকে সৃষ্টি করেছি কষ্ট- ক্লেশের মধ্যে।
5. সে কি ধারণা করছে যে, কেউ কখনো তার উপর ক্ষমতাবান হবে না?
6. সে বলে, ‘আমি প্রচুর ধন-সম্পদ নিঃশেষ করেছি’।
7. সে কি ধারণা করছে যে, কেউ তাকে দেখেনি?
8. আমি কি তার জন্য দু’টি চোখ বানাইনি?
9. আর একটি জিহবা ও দু’টি ঠোঁট?
10. আর আমি তাকে দু’টি পথ প্রদর্শন করেছি।
11. তবে সে বন্ধুর গিরিপথটি অতিক্রম করতে সচেষ্ট হয়নি।
12. আর কিসে তোমাকে জানাবে, বন্ধুর গিরিপথটি কি?
13. তা হচ্ছে, দাস মুক্তকরণ।
14. অথবা খাদ্য দান করা দুর্ভিক্ষের দিনে।
15. ইয়াতীম আত্মীয়-স্বজনকে।
16. অথবা ধূলি-মলিন মিসকীনকে।
17. অতঃপর সে তাদের অন্তর্ভুক্ত হয়ে যায়, যারা ঈমান এনেছে এবং পরস্পরকে উপদেশ দেয় ধৈর্যধারণের, আর পরস্পরকে উপদেশ দেয় দয়া-অনুগ্রহের।
18. তারাই সৌভাগ্যবান।
19. আর যারা আমার আয়াতসমূহকে অস্বীকার করেছে তারাই দুর্ভাগা।
20. তাদের উপর থাকবে অবরুদ্ধ আগুন।

## সূরা : আশ্-শামস
## 091-001.mp3
## 091-002.mp3

1. কসম সূর্যের ও তার কিরণের।
2. কসম চাঁদের, যখন তা সূর্যের অনুগামী হয়।
3. কসম দিবসের, যখন তা সূর্যকে প্রকাশ করে।
4. কসম রাতের, যখন তা সূর্যকে ঢেকে দেয়।
5. কসম আসমানের এবং যিনি তা বানিয়েছেন।
6. কসম যমীনের এবং যিনি তা বিস্তৃত করেছেন।
7. কসম নাফ্সের এবং যিনি তা সুসম করেছেন।
8. অতঃপর তিনি তাকে অবহিত করেছেন তার পাপসমূহ ও তার তাকওয়া সম্পর্কে।
9. নিঃসন্দেহে সে সফলকাম হয়েছে, যে তকে পরিশুদ্ধ করেছে।
10. এবং সে ব্যর্থ হয়েছে, যে তা (নাফ্স)-কে কলুষিত করেছে।
11. সামূদ জাতি আপন অবাধ্যতাবশত অস্বীকার করেছিল।
12. যখন তাদের সর্বাধিক হতভাগা ব্যক্তিটি তৎপর হয়ে উঠল।
13. তখন আল্লাহর রাসূল তাদেরকে বলেছিল, 'আল্লাহর উষ্ট্রী ও তার পানি পান সম্পর্কে সতর্ক হও।'
14. কিন্তু তারা তাকে অস্বীকার করল এবং উষ্ট্রীকে যবেহ করল। ফলে তাদের রব তাদের অপরাধের কারণে তাদেরকে সমূলে ধ্বংস করে দিলেন। অতঃপর তা একাকার করে দিলেন।
15. আর তিনি এর পরিণামকে ভয় করেন না।

## সূরা : আল্-লাইল

## 092-001.mp3

## 092-002.mp3

1. কসম রাতের, যখন তা ঢেকে দেয়।
2. কসম দিনের, যখন তা আলোকিত হয়।
3. কসম তাঁর, যিনি নর ও নারী সৃষ্টি করেছেন।
4. নিশ্চয় তোমাদের কর্মপ্রচেষ্টা বিভিন্ন প্রকারের।
5. সুতরাং যে দান করেছে এবং তাকওয়া অবলম্বন করেছে,
6. আর উত্তমকে সত্য বলে বিশ্বাস করেছে,
7. আমি তার জন্য সহজ পথে চলা সুগম করে দেব।
8. আর যে কার্পণ্য করেছে এবং নিজকে স্বয়ংসম্পূর্ণ মনে করেছে,
9. আর উত্তমকে মিথ্যা বলে মনে করেছে,
10. আমি তার জন্য কঠিন পথে চলা সুগম করে দেব।
11. আর তার সম্পদ তার কোন কাজে আসবে না, যখন সে অধঃপতিত হবে।
12. নিশ্চয় পথ প্রদর্শন করাই আমার দায়িত্ব।
13. আর অবশ্যই আমার অধিকারে পরকাল ও ইহকাল।
14. অতএব আমি তোমাদের সতর্ক করে দিয়েছি লেলিহান আগুন সম্পর্কে,
15. তাতে নিতান্ত হতভাগা ছাড়া কেউ প্রবেশ করবে না;
16. যে অস্বীকার করেছে এবং মুখ ফিরিয়ে নিয়েছে।
17. আর তা থেকে দূরে রাখা হবে পরম মুত্তাকীকে।
18. যে তার সম্পদ দান করে আত্ম-শুদ্ধির উদ্দেশ্যে,
19. আর তার প্রতি কারো এমন কোন অনুগ্রহ নেই, যার প্রতিদান দিতে হবে।
20. কেবল তার মহান রবের সন্তুষ্টির প্রত্যাশায়।
21. আর অচিরেই সে সন্তোষ লাভ করবে।

## সূরা : আদ্‌-দুহা

## 093-001.mp3

## 093-002.mp3

1.

কসম পূর্বাহ্নের,

2. কসম রাতের যখন তা অন্ধকারাচ্ছন্ন হয়।
3. তোমার রব তোমাকে পরিত্যাগ করেননি এবং অসন্তুষ্টও হননি।
4. আর অবশ্যই তোমার জন্য পরবর্তী সময় পূর্ববর্তী সময়ের চেয়ে উত্তম।
5. আর অচিরেই তোমার রব তোমাকে দান করবেন, ফলে তুমি সন্তুষ্ট হবে।
6. তিনি কি তোমাকে ইয়াতীম অবস্থায় পাননি? অতঃপর তিনি আশ্রয় দিয়েছেন।
7. আর তিনি তোমাকে পেয়েছেন পথ না জানা অবস্থায়। অতঃপর তিনি পথনির্দেশ দিয়েছেন।
8. তিনি তোমাকে পেয়েছেন নিঃস্ব। অতঃপর তিনি সমৃদ্ধ করেছেন।
9. সুতরাং তুমি ইয়াতীমের প্রতি কঠোর হয়ো না।
10. আর ভিক্ষুককে তুমি ধমক দিওনা।
11. আর তোমার রবের অনুগ্রহ তুমি বর্ণনা কর।

## সূরা : আল্-ইনশিরাহ
## 094-001.mp3
## 094-002.mp3

1. আমি কি তোমার জন্য তোমার বক্ষ প্রশস্ত করিনি?
2. আর আমি নামিয়ে দিয়েছি তোমার থেকে তোমার বোঝা,
3. যা তোমার পিঠ ভেঙ্গে দিচ্ছিল।
4. আর আমি তোমার (মর্যাদার) জন্য তোমার স্মরণকে সমুন্নত করেছি।
5. সুতরাং কষ্টের সাথেই রয়েছে সুখ।
6. নিশ্চয় কষ্টের সাথেই রয়েছে সুখ।
7. অতএব যখনই তুমি অবসর পাবে, তখনই কঠোর ইবাদাতে রত হও।
8. আর  তোমার রবের প্রতি আকৃষ্ট হও।

## সূরা : আত্-তীন
## 095-001.mp3
## 095-002.mp3

1. কসম ‘তীন ও যায়তূন’ এর।
2. কসম ‘সিনাই’ পর্বতের,
3. কসম এই নিরাপদ নগরীর।
4. অবশ্যই আমি মানুষকে সৃষ্টি করেছি সর্বোত্তম গঠনে।
5. তারপর আমি তাকে ফিরিয়ে দিয়েছি হীনদের হীনতম রূপে।
6. তবে যারা ঈমান এনেছে এবং সৎকর্ম করেছে, তাদের জন্য রয়েছে নিরবচ্ছিন্ন পুরস্কার।
7. সুতরাং এরপরও কিসে তোমাকে কর্মফল সম্পর্কে অবিশ্বাসী করে তোলে?
8. আল্লাহ কি বিচারকদের শ্রেষ্ঠ বিচারক নন?

## সূরা : আল্-আলাক
## 096-001.mp3
## 096-002.mp3

1. পড় তোমার রবের নামে, যিনি সৃষ্টি করেছেন।
2. তিনি সৃষ্টি করেছেন মানুষকে 'আলাক থেকে।
3. পড়, আর তোমার রব মহামহিম।
4. যিনি কলমের সাহায্যে শিক্ষা দিয়েছেন।
5. তিনি মানুষকে তা শিক্ষা দিয়েছেন, যা সে জানত না।
6. কখনো নয়, নিশ্চয় মানুষ সীমালঙ্ঘন করে থাকে।
7. কেননা সে নিজকে মনে করে স্বয়ংসম্পূর্ণ।
8. নিশ্চয় তোমার রবের দিকেই প্রত্যাবর্তন।
9. তুমি কি তাকে দেখেছ যে নিষেধ করে
10. এক বান্দাকে, যখন সে সালাত আদায় করে?
11. তুমি কি দেখেছ, যদি সে হিদায়াতের উপর থাকে,
12. অথবা তাকওয়ার নির্দেশ দেয়?
13. যদি সে মিথ্যারোপ করে এবং মুখ ফিরিয়ে নেয়?
14. সে কি জানেনা যে, নিঃসন্দেহে আল্লাহ দেখেন?
15. কখনো নয়, যদি সে বিরত না হয়, তবে আমি তাকে কপালের সম্মুখভাগের চুল ধরে টেনে- হিঁচড়ে নিয়ে যাব।
16. মিথ্যাবাদী, পাপিষ্ঠ কপাল।
17. অতএব, সে তার সভাসদদের আহবান করুক।
18. অচিরেই আমি ডেকে নেব জাহান্নামের প্রহরীদেরকে।
19. কখনো নয়, তুমি তার আনুগত্য করবে না। আর সিজদা কর এবং নৈকট্য লাভ কর।

## সূরা : আল্‌-কাদর
## 097-001.mp3
## 097-002.mp3

1. নিশ্চয় আমি এটি নাযিল করেছি ‘লাইলাতুল কদরে।’
2. তোমাকে কিসে জানাবে ‘লাইলাতুল কদর’ কী?
3. ‘লাইলাতুল কদর’ হাজার মাস অপেক্ষা উত্তম।
4. সে রাতে ফেরেশতারা ও রূহ (জিবরাইল) তাদের রবের অনুমতিক্রমে সকল সিদ্ধান্ত নিয়ে অবতরণ করে।
5. শান্তিময় সেই রাত, ফজরের সূচনা পর্যন্ত।

## সূরা : আল্‌-বায়্যিনা
## 098-001.mp3
## 098-002.mp3

1. কিতাবীদের মধ্যে যারা কুফরী করে তারা ও মুশরিকরা, তাদের কাছে সুস্পষ্ট প্রমাণ না আসা পর্যন্ত (নিজদের অবিশ্বাসে) অটল থাকবে।
2. আল্লাহর পক্ষ থেকে এক রাসূল পবিত্র কিতাবসমূহ তিলাওয়াত করে।
3. তাতে রয়েছে সঠিক বিধিবদ্ধ বিধান।
4. আর কিতাবীরা তাদের কাছে সুস্পষ্ট প্রমাণ আসার পরই কেবল মতভেদ করেছে।
5. আর তাদেরকে কেবল এই নির্দেশ দেয়া হয়েছিল যে, তারা যেন আল্লাহর ‘ইবাদাত করে তাঁরই জন্য দীনকে একনিষ্ঠ করে, সালাত কায়েম করে এবং যাকাত দেয়; আর এটিই হল সঠিক দীন।
6. নিশ্চয় কিতাবীদের মধ্যে যারা কুফরী করেছে ও মুশরিকরা, জাহান্নামের আগুনে থাকবে স্থায়ীভাবে। ওরাই হল নিকৃষ্ট সৃষ্টি।
7. নিশ্চয় যারা ঈমান এনেছে ও সৎকাজ করেছে তারাই সৃষ্টির সর্বোৎকৃষ্ট।
8. তাদের রবের কাছে তাদের পুরস্কার হবে স্থায়ী জান্নাত, যার পাদদেশে নহরসমূহ প্রবাহিত, সেখানে তারা থাকবে  স্থায়ীভাবে। আল্লাহ তাদের উপর সন্তুষ্ট হয়েছেন তারাও আল্লাহর উপর সন্তুষ্ট হয়েছে। এটি তার জন্য, যে স্বীয় রবকে ভয় করে।

## সূরা : আয্-যিলযাল

## 099-001.mp3
## 099-002.mp3

1. যখন প্রচন্ড কম্পনে যমীন প্রকম্পিত হবে
2. আর যমীন তার বোঝা বের করে দেবে,
3. আর মানুষ বলবে, ‘এর কী হল?’
4. সেদিন যমীন তার বৃত্তান্ত বর্ণনা করবে,
5. যেহেতু তোমার রব তাকে নির্দেশ দিয়েছেন।
6. সেদিন মানুষ বিক্ষিপ্তভাবে বের হয়ে আসবে যাতে দেখানো যায় তাদেরকে তাদের নিজদের কৃতকর্ম।
7. অতএব, কেউ অণু পরিমাণ ভালকাজ করলে তা সে দেখবে,
8. আর কেউ অণু পরিমাণ খারাপ কাজ করলে তাও সে দেখবে।

## সূরা :‘আদিয়াত

## 100-001.mp3
## 100-002.mp3

1. কসম ঊর্ধশ্বাসে ছুটে যাওয়া অশ্বরাজির,
2. অতঃপর যারা ক্ষুরাঘাতে অগ্নি-স্ফূলিঙ্গ ছড়ায়,
3. অতঃপর যারা প্রত্যুষে হানা দেয়,
4. অতঃপর সে তা দ্বারা ধুলি উড়ায়,
5. অতঃপর এর দ্বারা শত্রুদলের ভেতরে ঢুকে পড়ে;
6. নিশ্চয় মানুষ তার রবের প্রতি বড়ই অকৃতজ্ঞ।
7. আর নিশ্চয় সে এর উপর (স্বয়ং) সাক্ষী হয়।
8. আর নিশ্চয় ধন-সম্পদের লোভে সে প্রবল।
9. তবে কি সে জানে না যখন কবরে যা আছে তা উত্থিত হবে?
10. আর অন্তরে যা আছে তা প্রকাশিত হবে।
11. নিশ্চয় তোমার রব সেদিন তাদের ব্যাপারে সবিশেষ অবহিত।

## সূরা : আল-কারি‘আ
## 101-001.mp3
## 101-002.mp3

1. মহাভীতিপ্রদ শব্দ।
2. মহাভীতিপ্রদ শব্দ কি?
3. তোমাকে কিসে জানাবে মহা ভীতিপ্রদ শব্দ কি?
4. যেদিন মানুষ হবে বিক্ষিপ্ত পতঙ্গের মত,
5. আর পর্বতরাজি হবে ধুনা রঙিন পশমের মত।
6. অতঃপর যার পাল্লা ভারী হবে,
7. সে থাকবে সন্তোষজনক জীবনে;
8. আর যার পাল্লা হালকা হবে,
9. তার আবাস হবে হাবিয়া।
10. আর তোমাকে কিসে জানাবে হাবিয়া কি?
11. প্রজ্জ্বলিত অগ্নি।

## সূরা : আত্-তাকাসুর
## 102-001.mp3
## 102-002.mp3

1. প্রাচুর্যের প্রতিযোগিতা তোমাদেরকে ভুলিয়ে রেখেছে।
2. যতক্ষণ না তোমরা কবরের সাক্ষাৎ করবে।
3. কখনো নয়, শীঘ্রই তোমরা জানবে,
4. তারপর কখনো নয়, তোমরা শীঘ্রই জানতে পারবে।
5. কখনো নয়, তোমরা যদি নিশ্চিত জ্ঞানে জানতে!
6. তোমরা অবশ্যই জাহান্নাম দেখবে;
7. তারপর তোমরা তা নিশ্চিত চাক্ষুষ দেখবে।
8. তারপর সেদিন অবশ্যই তোমরা নিআমত সম্পর্কে জিজ্ঞাসিত হবে।

## সূরা : আল্-আসর
## 103-001.mp3
## 103-002.mp3

1. সময়ের কসম,
2. নিশ্চয় সকল মানুষ ক্ষতিগ্রস্ততায় নিপতিত।
3. তবে তারা ছাড়া যারা ঈমান এনেছে, সৎকাজ করেছে, পরস্পরকে সত্যের উপদেশ দিয়েছে এবং পরস্পরকে ধৈর্যের উপদেশ দিয়েছে।

## সূরা : আল্-হুমাযা
## 104-001.mp3
## 104-002.mp3

1. দুর্ভোগ প্রত্যেকের যে সামনে নিন্দাকারী ও পেছনে গীবতকারী।
2. যে সম্পদ জমা করে এবং বার বার গণনা করে।
3. সে মনে করে তার সম্পদ তাকে চিরজীবি করবে।
4. কখনো নয়, অবশ্যই সে নিক্ষিপ্ত হবে হুতামা’য়।
5. আর কিসে তোমাকে জানাবে হুতামা কি?
6. আল্লাহর প্রজ্জ্বলিত আগুন।
7. যা হৃৎপিন্ড পর্যন্ত পৌঁছে যাবে।
8. নিশ্চয় তা তাদেরকে আবদ্ধ করে রাখবে
9. প্রলম্বিত স্তম্ভসমূহে।

## সূরা : আল্-ফীল
## 105-001.mp3
## 105-002.mp3

1. তুমি কি দেখনি তোমার রব হাতীওয়ালাদের সাথে কী করেছিলেন?
2. তিনি কি তাদের ষড়যন্ত্র ব্যর্থতায় পর্যবসিত করেননি?
3. আর তিনি তাদের বিরুদ্ধে ঝাঁকে ঝাঁকে পাখি প্রেরণ করেছিলেন।
4. তারা তাদের ওপর নিক্ষেপ করে পোড়ামাটির কঙ্কর।
5. অতঃপর তিনি তাদেরকে করলেন ভক্ষিত শস্যপাতার ন্যায়।

## সূরা : আল্-কুরাইশ
## 106-001.mp3
## 106-002.mp3

1. যেহেতু কুরাইশ অভ্যস্ত,
2. শীত ও গ্রীষ্মের সফরে তারা অভ্যস্ত হওয়ায়।
3. অতএব তারা যেন এ গৃহের রবের ‘ইবাদাত করে,
4. যিনি ক্ষুধায় তাদেরকে আহার দিয়েছেন আর ভয় থেকে তাদেরকে নিরাপদ করেছেন।

## সূরা : আল্-মা'ঊন
## 107-001.mp3
## 107-002.mp3

1. তুমি কি তাকে দেখেছ, যে হিসাব- প্রতিদানকে অস্বীকার করে?
2. সে-ই ইয়াতীমকে কঠোরভাবে তাড়িয়ে দেয়,
3. আর মিসকীনকে খাদ্যদানে উৎসাহ দেয় না।
4. অতএব সেই সালাত আদায়কারীদের জন্য দুর্ভোগ,
5. যারা নিজদের সালাতে অমনোযোগী,
6. যারা লোক দেখানোর জন্য তা করে,
7. এবং ছোট-খাট গৃহসামগ্রী দানে নিষেধ করে।

## সূরা : আল্-কাউসার
## 108-001.mp3
## 108-002.mp3

1. নিশ্চয় আমি তোমাকে আল-কাউসার দান করেছি।
2. অতএব তোমার রবের উদ্দেশ্যেই সালাত পড় এবং কুরবানী কর।
3. নিশ্চয় তোমার প্রতি শত্রুতা পোষণকারীই নির্বংশ।

## সূরা : কাফিরূন
## 109-001.mp3
## 109-002.mp3

1. বল, 'হে কাফিররা,
2. তোমরা যার 'ইবাদাত কর আমি তার 'ইবাদাত করি না'।
3. এবং আমি যার 'ইবাদাত করি তোমরা তার 'ইবাদাতকারী নও'।
4. 'আর তোমরা যার 'ইবাদত করছ আমি তার 'ইবাদাতকারী হব না'।
5. 'আর আমি যার 'ইবাদাত করি তোমরা তার 'ইবাদাতকারী হবে না'।
6. 'তোমাদের জন্য তোমাদের দীন আর আমার জন্য আমার দীন।'

## সূরা : আন্-নাসর
## 110-001.mp3
## 110-002.mp3

1. যখন আল্লাহর সাহায্য ও বিজয় আসবে,
2. আর তুমি লোকদেরকে দলে দলে আল্লাহর দীনে দাখিল হতে দেখবে,
3. তখন তুমি তোমার রবের সপ্রশংস তাসবীহ পাঠ কর এবং তাঁর কাছে ক্ষমা চাও নিশ্চয় তিনি তাওবা কবূলকারী।

## সূরা : আল্-মাসাদ
## 111-001.mp3
## 111-002.mp3

1. ধ্বংস হোক আবূ লাহাবের দু’হাত এবং সে নিজেও ধ্বংস হোক।
2. তার ধন-সম্পদ এবং যা সে অর্জন করেছে তা তার কাজে আসবে না।
3. অচিরেই সে দগ্ধ হবে লেলিহান আগুনে।
4. আর তার স্ত্রী লাকড়ি বহনকারী,
5. তার গলায় পাকানো দড়ি।

## সূরা : আল্-ইখলাস
## 112-001.mp3
## 112-002.mp3

1. বল, তিনিই আল্লাহ, এক-অদ্বিতীয়।
2. আল্লাহ কারো মুখাপেক্ষী নন, সকলেই তাঁর মুখাপেক্ষী।
3. তিনি কাউকে জন্ম দেননি এবং তাঁকেও জন্ম দেয়া হয়নি।
4. আর তাঁর কোন সমকক্ষও নেই।

## সূরা : আল্-ফালাক
## 113-001.mp3
## 113-002.mp3

1. বল, ‘আমি আশ্রয় প্রার্থনা করছি ঊষার রবের কাছে,
2. তিনি যা সৃষ্টি করেছেন তার অনিষ্ট থেকে,
3. আর রাতের অন্ধকারের অনিষ্ট থেকে যখন তা গভীর হয়,
4. আর গিরায় ফুঁ-দানকারী নারীদের অনিষ্ট থেকে,
5. আর হিংসুকের অনিষ্ট থেকে যখন সে হিংসা করে’।

## সূরা : আন্-নাস
## 114-001.mp3
## 114-002.mp3

1. বল, ‘আমি আশ্রয় চাই মানুষের রবের কাছে,
2. মানুষের অধিপতির কাছে,
3. মানুষের ইলাহ-এর কাছে,
4. কুমন্ত্রণাদাতার অনিষ্ট থেকে, যে দ্রুত আত্ম গোপন করে।
5. যে মানুষের মনে কুমন্ত্রণা দেয়
6. জিন ও মানুষ থেকে।